বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

২১-০৯-২০২২ তারিখে বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি এবং দপ্তর/সংস্থা/স্থাপনার সাথে ১ম (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) কোয়ার্টার সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জাকির হোসেন তরফদার<br>উপ-মহাব্যবস্থাপক (তিতাস) দক্ষিণ ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি |
| সভার তারিখ | ২১ সেপ্টেম্বর, ২০২২ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | আহবায়কের কার্যালয় |
| উপস্থিতি | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সকল সদস্য এবং স্থাপনার কর্মকর্তা (পতাকা-ক)।। |

বিজিএফসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির আহবায়ক ও উপ-মহাব্যবস্থাপক(তিতাস ফিল্ড)-দক্ষিণ মোঃ জাকির হোসেন তরফদার এর সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সদস্য এবং কোম্পানির উন্নয়ন বিভাগ, ওয়েল সার্ভিসেস বিভাগ এবং তিতাস ফিল্ডের কর্মকর্তাদের অংশগ্রহণে ২১-০৯-২০২২ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় আহবায়কের কার্যালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি আলোচনা শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয় :

১.০ আলোচনা :

১.১। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর গুরুত্ব সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। তিনি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন বিষয়ে আলোচনা করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করা এবং তা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা সম্পর্কে সভায় আলোচনা করা হয়।

১.২। কমিটির সদস্য-সচিব উল্লেখ করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ এ বিষয়ে গত ১৫-০৯-২০২২ তারিখে পেট্রোবাংলা কর্তৃক একটি অনলাইন সভার আয়োজন করা হয়। উক্ত সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে মাঠ পর্যায়ের অফিসের জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকের ১.১-১.৪ এবং ২.১-২.২ অনুচ্ছেদসমূহ আলোচনা করা হয়। অনুচ্ছেদ-১.৩ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজন করা, দপ্তর/সংস্থা না থাকলে অধিনস্ত অফিস অথবা স্থাপনার কর্মকর্তাদের সাথে সভা অয়োজন করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। এ অনুচ্ছেদে বর্ণিত কর্মসম্পাদন সূচকের বিপরীতে পূর্ণ

লক্ষমাত্রা অর্জন করতে হলে বছরে ৪টি সভার আয়োজন করতে হবে এবং প্রমাণক হিসেবে সভার কার্যবিবরণী, সভার নোটিশ, উপস্থিতি প্রেরণের বিষয়ে সবাইকে অবহিত করা হয়। এ পর্যায়ে কমিটির আহবায় কউপস্থিত কর্মকর্তাদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আলোচনায় আমন্ত্রণ জানালে নিম্নোক্ত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করে তাদের বক্তব্য উপস্থাপন করেন :

১.৩। উপ-মহাব্যবস্থাপক (উন্নয়ন) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভার আয়োজন করা এবং তাকে আমন্ত্রণ জানানোর জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। সেবার বিষয়েতিনি উল্লেখ করেন, তিতাস লোকেশন-'এ' তে অবস্থিত টিএনজি বিল্ডিং এর বিপরীতে সিভিল কনস্ট্রাকশন কাজের জন্য টিএনজি বিল্ডিং এর সামনের রাস্তায় প্রচুর ধুলাবালি জমা হয়ে লোকজনের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। কাজ শেষে নিয়মিত পরিষ্কার অথবা পানি ছিটানো হলে এ রাস্তায় চলাচলকারী সবাই উপকৃত হবে।

১.৪। ব্যবস্থাপক (ফিল্ড প্রশাসন)-দক্ষিণ সভার আলোচনায় তিনি উল্লেখ করেন যে, তিতাস ফিল্ডে অবস্থিত বিভিন্ন বিল্ডিংয়ের টয়লেট গুলোর দরজায় টয়লেট মার্কিং না থাকায় অনেকের জন্য টয়লেট খুজে বের করতে সমস্যা হয়। এ জন্য প্রতিটি টয়লেটের দরজায় প্লাস্টিক দিয়ে তৈরি "টয়লেট" লেখা লাগালে সবাই উপকৃত হবে। তিতাস ফিল্ডের বিভিন্ন জায়গায় অপরিকল্পিতভাবে গাছ লাগানোর ফলে প্লান্ট এলাকাসহ অন্যান্য জায়গা পরিষ্কার রাখা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে কোম্পানির গাছ লাগানো বিষয়ক কমিটি অথবা তিতাস ফিল্ডের মাধ্যমে একটি নোটিশ জারি করলে ভালো হয়। এছাড়াও তিতাস লোকেশন-সি এলাকায় রিগ এর বিভিন্ন অব্যবহৃত অংশ স্ক্র্যাপ ইয়ার্ডে সংরক্ষণ করা এবং কেন্দ্রীয় স্টোর রুম এলাকা পরিষ্কার করার জন্য ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

১.৫। ব্যবস্থাপক ( ফিল্ড প্রশাসন)-উত্তর সভায় তিনি উল্লেখ করেন যে, বর্তমানে তিতাস লোকেশন-'এ' তে কম্প্রেসর প্রজেক্টের কাজ চলমান থাকায় প্রতিদিন কাজের প্রয়োজনে অনেক লোকের লোকেশনে ঢুকতে হচ্ছে। এদের জন্য নির্ধারিত ওয়েটিং রুম গুলো নিয়মিত পরিষ্কার করার ব্যবস্থা করা প্রয়োজন।

১.৬। আলোচনায় কমিটির সদস্য-সচিব উল্লেখ করেন, তিতাস ফিল্ডের লোকেশন-'এ' এর টিএনজি বিল্ডিং এর সিঁড়ির নিচে অনেক গুলো অব্যবহৃত/অপ্রয়োজনীয় মালামাল ও কাগজপত্র রয়েছে। এখানে ইলেকট্রিক লাইন থাকায় যে কোনো সময় শর্ট সার্কিট হয়ে অগ্নি-দূর্ঘটনা ঘটতে পারে। জরুরী ভিত্তিতে এ অব্যবহৃত/অপ্রয়োজনীয় মালামাল ও কাগজপত্র অন্যত্র রেখে সিঁড়ির নিচের জায়গা পরিষ্কার করা প্রয়োজন। সভা শেষে সবাই স্বশরীরে টিএনজি বিল্ডিং এর সিঁড়ির নিচের জায়গাটি পরিদর্শন করে বিষয়টি অবলোকন করেন।

## ২.০ সিদ্ধান্ত :

সকলের মতামত/পরামর্শ গুরুত্বের সাথে আলোচনা করে এবং সকলের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

২.১। তিতাস ফিল্ডে অবস্থিত বিভিন্ন বিল্ডিংয়ের টয়লেট গুলোর দরজায় প্লাস্টিক দিয়ে তৈরি “টয়লেট” লেখা লাগানো;

২.২। তিতাস ফিল্ডের লোকেশন-‘এ’ এর টিএনজি বিল্ডিং এর সিঁড়ির নিচে অব্যবহৃত মালামাল ও কাগজপত্র সরিয়ে অন্যত্র রেখে সিঁড়ির নীচে সর্বদা পরিস্কার-পরিচ্ছন্ন রাখা।

সেবার মান বৃদ্ধি ও কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে বিজিএফসিএল এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ও কোম্পানির বিভিন্ন স্থাপনার কর্মকর্তা ও কর্মচারী সম্মিলিতভাবে কাজ করবে বলে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। পরিশেষে সভাপতি সকলকে সভায় উপস্থিতির জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জাকির হোসেন তরফদার
উপ-মহাব্যবস্থাপক (তিতাস) দক্ষিণ ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন
চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৩৪৭.০৫.০০১.২২.১০

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯
২৭ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

২) মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস), টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন, আহবায়ক ও টিম লিডার, এপিএ টিম, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৩) মহাব্যবস্থাপক (অনুসন্ধান), ফোকাল পয়েন্ট, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৪) উপ-মহাব্যবস্থাপক(উন্নয়ন), উন্নয়ন বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৫) উপ-মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস), ওয়েল সার্ভিসেস বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৬) ব্যবস্থাপক (প্রশাসন), তিতাস দক্ষিণ (প্রশাসন) শাখা , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৭) ব্যবস্থাপক (আইডব্লিউটি), ইনফরমেশন এন্ড ওয়েবসাইট টেকনোলজি শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৮) ব্যবস্থাপক (পরিকল্পনা), পরিকল্পনা শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৯) ব্যবস্থাপক (ফিল্ড প্রশাসন), তিতাস উত্তর (প্রশাসন) উপ-শাখা , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

১০) ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

মোঃ রফিকুল ইসলাম
ব্যবস্থাপক(রিজার্ভার ইঞ্জিনিয়ারিং) ও সদস্য-

সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ
কমিটি, বিজিএফসিএল।,